

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৭২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - নাম রাখা

আরবী

عَن مُحَمَّد إ

بن الحنفيَّةِ عَنْ أَبِيهِ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ إِنْ وُلِدَ لِي بَعْدَكَ وَلَدٌ أُسَمِّيهِ بِاسْمِكَ وَلَدٌ أُسَمِّيهِ بِاسْمِكَ وَأَكْنِيهِ بِكُنْيَتِكَ؟ قَالَ: «نَعَمْ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

8৭৭২-[২৩] মুহাম্মাদ ইবনু হানাফিয়াহ (রহিমাহুল্লাহ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে জিজেস করলামঃ হে আল্লাহর রসূল! যদি আপনার ইন্তিকালের পর আমার কোন পুত্র সন্তান জন্মগ্রহণ করে, তবে কি আমি আপনার নামে নাম ও আপনার উপনামে উপনাম রাখব? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হ্যাঁ। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৯৬৭, তিরমিয়ী ৩০১২/ ২৮৪৩, সহীহ আল আদাবুল মুফরাদ ৬৫১, মুসনাদে আহমাদ ৭৩০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯৮০৭, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৯১৪, আল মুসতাদরাক ৭৭৩৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৯৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ তুহফাতুল আহ্ওয়াযীতে রয়েছে 'আলী ইবনু আবী ত্বালিব (রাঃ) বর্ণিত হাদীসে 'আলী ইবনু আবী ত্বালিব (রাঃ)-এর জন্য অনুমতি ছিল। অতঃপর জায়িয রয়েছে। একত্র করা সন্দেহ দূর হয়ে গেল। এ আলোচনা বহুবার হয়েছে। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনুল হানাফিয়্যাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন